

তারিখ: ০১/০১/২০২৪ খ্রি.

**২০২২ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যারা ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে আবেদন ফরম পূরণ করতে ইচ্ছুক তাদেরকে অন-লাইনে (<http://ems.nu.ac.bd/student-login>) গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক তথ্য এন্ট্রি দিয়ে আবেদন ফরম ডাউনলোড/সংগ্রহ করার পর ফরমের প্রিন্টকপি, Payslip ও কাগজপত্রাদি আগামী ২৮/০১/২০২৪ এবং ৩০/০১/২০২৪ তারিখ সংশ্লিষ্ট বিভাগে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। তবে অনিয়মিত/অকৃতকার্ঘ/মানোন্নয়ন পরীক্ষার্থীরা আবেদন ফরম ডাউনলোড/সংগ্রহ করার পর আগামী ২৪/০১/২০২৪ হতে ২৫/০১/২০২৪ তারিখের মধ্যে (সকাল ১০:০০ থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত) ফরমসহ নির্ধারিত ফি সরাসরি স্ব-স্ব বিভাগে জমা দিবে।

১। ফি জমাদানের পদ্ধতি: গুণু নিয়মিত পরীক্ষার্থীকে <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে National University Fees মেন্যু থেকে Form Fill-Up সিলেক্ট করে ০৯ ডিজিটের রোল নাম্বার দিয়ে চাহিত সকল তথ্য এন্ট্রি দিয়ে অনলাইনে নির্ধারিত ফি আগামী ২১/০১/২০২৪ হতে ৩০/০১/২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

২। প্রয়োজনীয় কাগজপত্র:

(ক) ফরমের নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের ১কপি ছবি গাম দিয়ে লাগিয়ে অপর ১কপি ছবি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

(খ) ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১কপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৩। অংশগ্রহণের যোগ্যতা:

নিয়মিত: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

অনিয়মিত: ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে Promoted হয়নি তারা ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

গ্রেডউন্নয়ন: ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে অথবা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সকল কোর্সের গ্রেডউন্নয়ন পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়া যারা ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় এক বা দুটি কোর্সে "C" বা "D" গ্রেড পেয়েছে তারা ঐ সর্বোচ্চ ২টি কোর্সে ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় গ্রেডউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

৪। ফি এর বিবরণ:

বিষয়/বিভাগের নাম	প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়				কলেজ			সর্বমোট
		পরীক্ষার ফি (পূর্ণপত্র/অর্ধপত্র)	ব্যবঃ	ইনকোর্স	অন্তর্ভুক্তি	কেন্দ্র	ব্যবঃ	ব্যবস্থাপনা	
বিএ/বিএসএস/বিবিএ (৮ পত্র বিশিষ্ট)	নিয়মিত	৮×২৫০=২০০০	--	১০০	--	৪৫০	--	৫০	২,৬০০
	অনিয়মিত	৮×২৫০=২০০০	--	--	--	৪৫০	--	৫০	২,৫০০
বিএসসি (৭ পত্র বিশিষ্ট)	নিয়মিত	৭×২৫০=১৭৫০	২৫০	১০০	--	৪৫০	১৫০	৫০	২,৭৫০
	অনিয়মিত	৭×২৫০=১৭৫০	২৫০	--	--	৪৫০	১৫০	৫০	২,৬৫০
১ পত্র বিশিষ্ট পরীক্ষার্থী	গ্রেডউন্নয়ন	১×২৫০=২৫০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,০৫০
২ পত্র বিশিষ্ট পরীক্ষার্থী	গ্রেডউন্নয়ন	২×২৫০=৫০০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,৩০০
C. Promoted পরীক্ষার্থী		১×২৫০=২৫০	--	--	১০০০	৪৫০	--	৫০	১,৭৫০

বিদ্রষ্ট ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যারা এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ৫,০০০/- এবং কলেজের নির্ধারিত ৪৫০+৫০ অর্থাৎ ৫,৫০০/- টাকা ফি প্রদান করে ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে।

(প্রফেসর তুবার কান্তি বড়ুয়া)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ: ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;

২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;

৩। বিভাগীয় প্রধান .....(সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি;

৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;

৫। সংরক্ষণ নথি।